

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন-১ অধিশাখা

ডায়েরী নং-১৪
শেখ হাসিনার চুলমহ

স্মারক নং-৪৬.০২০.০০৪.০১.০০.৩৫১.২০১৭ ১৩৯২


তাং ১৪-০৬-২০১৭ খ্রিঃ

বিষয়ঃ রীট পিটিশন নং-৭০৩৮/২০১৫ এ প্রতিদ্বন্দ্বিতা করণ প্রসঙ্গে।

ঢাকা জেলার সাভার উপজেলা পরিষদের চেয়ারম্যান জনাব মোঃ কফিল উদ্দিনকে সাভার উপজেলা পরিষদের চেয়ারম্যান পদ হতে অপসারণ করার আদেশকে চ্যালেঞ্জ করে বাদী কর্তৃক রীট আবেদনটি দায়ের করা হয়েছে। মাননীয় আদালত রুল ইস্যু পূর্বক জবাব প্রদানের জন্য সচিব মহোদয়সহ প্রতিপক্ষগণকে আদেশ প্রদান করেছেন। উল্লিখিত মামলার বাদী তাঁর আবেদনে রীট পিটিশন নং ৭০৩৮/২০১৫ মোকদ্দমাটি ০১.০৬.২০১৭ তারিখে নিষ্পত্তি করা হয় মর্মে উল্লেখ করে আদেশের সার্টিফাইড কপি সংগ্রহ করতে না পারায় পরবর্তী আইনী প্রক্রিয়া শুরু করতে পারেননি মর্মে উল্লেখ করে একটি আবেদন করেছেন।।

০২। মাননীয় হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রীট পিটিশন নং ৭০৩৮/২০১৫ মামলার সার্টিফাইড কপি সংগ্রহপূর্বক মামলাটিতে সরকারের বিপক্ষে কোন আদেশ হয়ে থাকলে তা ভ্যাকেটকরণসহ উচ্চ আদালতে আপীল দায়েরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সরকারী আইনজীবীর পাশাপাশি বেসরকারী বিজ্ঞ প্যানেল আইনজীবী হিসেবে নির্দেশক্রমে তাঁকে দায়িত্ব প্রদান করা হলো।

সংযুক্ত : ----- ফর্দ।


(মুহাম্মদ আনোয়ার পাশা)
উপসচিব
৯৫৪০৯৯

মোঃ আশরাফুল আলম
প্যানেল আইনজীবী
স্থানীয় সরকার বিভাগ।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। বিজ্ঞ এটর্নী জেনারেল অব বাংলাদেশ, বাংলাদেশ সুপ্রীমকোর্ট, ঢাকা।
- ০২। বিজ্ঞ সলিসিটর, সলিসিটর অনুবিভাগ, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সুপ্রীমকোর্ট, ঢাকা।
- ০৩। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৪। সিনিয়র সহকারী সচিব (উপজেলা-২), স্থানীয় সরকার বিভাগ।
- ০৫। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, ৮৩/বি, মৌচাক টাওয়ার, মালিবাগ, ঢাকা।
- ০৬। হিসাব রক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ।
- ০৭। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৮। অফিস কপি/মাষ্টার কপি।